৬ হাজার ৩১৪ দিন পর দেশের আকাশে আবেগঘন বার্তা তারেক রহমানের



সংগৃহীত ছবি

দীর্ঘ ১৭ বছরের নির্বাসন শেষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বাংলাদেশে ফিরছেন। বৃহস্পতিবার সকালে তাকে বহনকারী বিমান দেশের আকাশসীমায় প্রবেশ করে সিলেটে অবতরণ করে। বাংলাদেশের আকাশসীমায় প্রবেশের পর সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক স্ট্যাটাসে তিনি লেখেন—'দীর্ঘ ৬ হাজার ৩১৪ দিন পর বাংলাদেশের আকাশে!'

বৃহস্পতিবার (২৫ ডিসেম্বর) সকালে তারেক রহমান, তার স্ত্রী ও কন্যাকে বহনকারী বাংলাদেশ এয়ারলাইনসের একটি উড়োজাহাজ বাংলাদেশের আকাশসীমায় প্রবেশ করে। সকাল ৯টা ৫৭ মিনিটে বিমানটি সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

সিলেটে যাত্রাবিরতির পর বেলা সাড়ে ১১টার পর তারেক রহমানকে বহনকারী উড়োজাহাজ ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর কথা রয়েছে।

এর আগে স্থানীয় সময় বুধবার সন্ধ্যা ৬টা ১৫ মিনিটে (বাংলাদেশ সময় দিনগত রাত সোয়া ১২টা) লন্ডনের হিথ্রো বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা দেন তারেক রহমান। দীর্ঘ ১৭ বছরের নির্বাসিত জীবন শেষে তার এই প্রত্যাবর্তন দেশের রাজনৈতিক অঙ্গনে নতুন মাত্রা যোগ করেছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।